



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
ভোলা
food.bhola.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ১৩.০৬.০৯০০.০০১.৯৯.০০২.২২.১৩৪৭

তারিখ: ২২ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: চলমান রাজনৈতিক সহিংস পরিস্থিতির কারণে এলএসডিসহ অন্যান্য সকল খাদ্য বিভাগীয় স্থাপনার নিরাপত্তা জোরদারকরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে বর্তমানে কোন কোন রাজনৈতিক দল কর্তৃক সারাদেশে হরতাল, অবরোধসহ অন্যান্য কর্মসূচি/পাল্টা কর্মসূচি পালন করা হচ্ছে। এ ধরনের কর্মসূচির কারণে দেশের বিভিন্ন স্থানে প্রায়শই জান-মালের ক্ষয়ক্ষতি হচ্ছে মর্মে তথ্য পাওয়া যাচ্ছে। চলমান উক্ত রাজনৈতিক কর্মসূচির ফলে এলএসডিসমূহে মজুদকৃত খাদ্যশস্য ও অন্যান্য স্থাপনা/মালামালের যাতে কোনরূপ ক্ষয়ক্ষতি না হয় সে লক্ষ্যে এলএসডিসহ খাদ্য বিভাগীয় সকল স্থাপনার নিরাপত্তা জোরদার করা আবশ্যিক।

এমতাবস্থায়, চলমান রাজনৈতিক সহিংস পরিস্থিতিতে সম্ভাব্য যে কোন ধরনের ক্ষয়ক্ষতি এড়ানোর লক্ষ্যে অতি জরুরীভিত্তিতে স্ব-স্ব নিয়ন্ত্রণ/আওতাধীন এলএসডিসহ অন্যান্য সকল খাদ্য বিভাগীয় স্থাপনার নিরাপত্তা জোরদারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।

০৭-১১-২০২৩
সন্দীপ কুমার দাশ
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

বিতরণ:

- ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন/মনপুরা এবং
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন/চরশশীভূষণ/মনপুরা এলএসডি।

স্মারক নম্বর: ১৩.০৬.০৯০০.০০১.৯৯.০০২.২২.১৩৪৭/১ (৬)

তারিখ: ২২ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৭ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। পরিচালক, প্রশাসন/চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা;
- ২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল;
- ৩। জেলা প্রশাসক, ভোলা;
- ৪। পুলিশ সুপার, ভোলা;
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন/মনপুরা এবং
- ৬। অফিসার ইনচার্জ, ভোলা সদর/দৌলতখান/বোরহানউদ্দিন/তজুমদ্দিন/লালমোহন/চরফ্যাশন/মনপুরা থানা, ভোলা।



A handwritten signature in black ink, appearing to be 'Sundip'.

০৭-১১-২০২৩

সন্দীপ কুমার দাশ
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)